

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৭২২

আগরতলা, ১৪ নভেম্বর, ২০১৭।

বিধানসভা সংবাদ

রাজ্যের আরও ৪টি রাস্তাকে নীতিগতভাবে  
জাতীয় সড়ক হিসেবে ঘোষণায় সম্মতি

এই মুহূর্তে রাজ্যে যে ছয়টি জাতীয় সড়ক রয়েছে এর পাশাপাশি কেন্দ্রীয় সরকার আরও চারটি রাস্তাকে নীতিগতভাবে জাতীয় সড়ক হিসেবে ঘোষণা করে এর ডি পি আর তৈরীর জন্য পূর্ত দপ্তর (এন.এইচ.)-কে দায়িত্ব দিয়েছে। এই সড়কগুলি হচ্ছে কমলপুর থেকে শান্তিরবাজার ভায়া আমবাসা, গন্ডাছড়া এবং অমরপুর-- ১৪৮ কিলোমিটার, চম্পকনগর থেকে উদয়পুর - ৪০ কিলোমিটার, শান্তিরবাজার থেকে বিলেনীয়া-- ১৭.২৫ কিলোমিটার এবং অমরপুর থেকে উদয়পুর-- ২৪ কিলোমিটার। আজ রাজ্য বিধানসভায় রেফারেন্স পিরিয়ডে বিধায়ক টুনুবালা মালাকার, বিধায়ক ললিত দেববর্মা এবং বিধায়ক কেশব দেববর্মার জনস্বার্থে আনা একটি নোটিশের জবাবে পূর্তমন্ত্রী বাদল চৌধুরী এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, পূর্ত (এন.এইচ.) দপ্তর এই রাস্তাগুলির ডি পি আর তৈরী করার কনসালটেন্ট নিয়োগের জন্য এন্টিমেন্ট কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রকে পাঠিয়েছে। এখন পর্যন্ত এর কোনও অনুমোদন পাওয়া যায়নি। তিনি জানান, এছাড়া আরও ৮টি সড়ককে জাতীয় সড়ক হিসেবে ঘোষণা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। গত ১৬ অক্টোবর সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে তাঁর নজরে বিষয়টি নেওয়া হয় এবং জাতীয় সড়ক ঘোষণা করা সম্পর্কিত একটি স্মারকলিপি তাঁর কাছে দেওয়া হয়।

পূর্তমন্ত্রী বাদল চৌধুরী জানান, চুড়াইবাড়ি থেকে আগরতলা পর্যন্ত ১৯৮ কিলোমিটার জাতীয় সড়কের মাত্র ৮৯ কিলোমিটার রাস্তাকে এ পর্যন্ত ডাবল লেন-এ রূপান্তরিত করা হয়েছে। ২০১৫ সালে বি আর ও-র কাছ থেকে এই জাতীয় সড়ক রক্ষণাবেক্ষণের দায়িত্ব রাজ্যের পূর্ত দপ্তরের কাছে হস্তান্তরিত হওয়ার পর অবশিষ্ট ১০৯ কিলোমিটার রাস্তাকে ডাবল লেন-এ রূপান্তরিত করার জন্য ৪টি ডি পি আর মিলে মোট ৭৬৪.১৫ কোটি টাকার প্রস্তাব কেন্দ্রীয় ভূতল পরিবহন মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে। এর মধ্যে ৩৯৯.০৯ কোটি টাকার অনুমোদন পাওয়া গেছে। এছাড়া, প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এবং আনুষঙ্গিক কাজের জন্য ৮৩.৩৪ কোটি টাকার অনুমোদন এ বছর পাওয়া গেছে। পূর্তমন্ত্রী জানান, আগরতলা থেকে সার্বুম পর্যন্ত সড়কটিকে ডাবল লেন-এ উন্নীতকরণের জন্য কেন্দ্রীয় সরকারের অধিগৃহীত সংস্থা এন এইচ আই ডি সি এল ২টি এজেন্সীকে নিযুক্ত করেছে। তাদের দেওয়া তথ্য অনুযায়ী এখন পর্যন্ত আগরতলা থেকে উদয়পুর মাতাবাড়ি পর্যন্ত ২২.৫০ শতাংশ এবং উদয়পুর মাতাবাড়ি থেকে সার্বুম পর্যন্ত ৬২.৩০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। আগরতলা থেকে উদয়পুর মাতাবাড়ি পর্যন্ত অংশের কাজ সম্পন্ন করার নির্ধারিত সময়সীমা ২০১৮ সালের ১৪ই মার্চ এবং উদয়পুর থেকে সার্বুম পর্যন্ত অংশের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা হচ্ছে ২০১৮ সালের ৩০ এপ্রিল।

কিন্তু কাজের অগ্রগতি দেখে ধারণা করা হচ্ছে নির্ধারিত সময়সীমার মধ্যে অবশিষ্ট অংশের কাজগুলি সম্পন্ন করা সম্ভব হবে না। তাই নির্ধারিত সময়ের মধ্যে যাতে কাজ শেষ করা যায় সেজন্য দ্রুতগতিতে কাজ করার জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রকের মন্ত্রী নীতিন গড়করির কাছে দাবী জানানো হয়েছে।

পূর্তমন্ত্রী শ্রী চৌধুরী জানান, কুমারঘাট থেকে কৈলাসহর পর্যন্ত জাতীয় সড়ককে ডাবল লেন-এ রূপান্তরের কাজ বি আর ও দীর্ঘদিন ধরে করে আসছে। বি আর ও-এর অর্ধসমাপ্ত কাজ গত অক্টোবর মাসে এন এইচ আই ডি সি এল-এর কাছে হস্তান্তর করেছে। এই অর্ধসমাপ্ত কাজ এখন এন এইচ আই ডি সি এল সম্পন্ন করবে। পূর্তমন্ত্রী আরও জানান, জোলাইবাড়ি থেকে বিলোনীয়া পর্যন্ত রাস্তাটিকে ডাবল লেন-এ রূপান্তরিত করার জন্য ডি পি আর তৈরী করে এর অনুমোদনের জন্য ভূতল পরিবহণ মন্ত্রকের কাছে পাঠানো হয়। প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এবং আনুষঙ্গিক কাজের জন্য ৭০.১২ কোটি টাকার অনুমোদন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে। সেই অনুযায়ী জমি অধিগ্রহণ করার কাজ শুরু হয়েছে। ডি পি আর এর অনুমোদন পেলে রাস্তাটিকে ডাবল লেন-এ রূপান্তরিত করার জন্য দরপত্র আহ্বান করা হবে।

\*\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)